



# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, অত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৫৮/২০২৪


তারিখঃ ২৪/১০/২০২৪ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## জরুরি বিজ্ঞপ্তি

সাম্প্রতিক সময়ে গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের ইয়ার্ডে সংরক্ষিত কায়িক পরীক্ষাকৃত আমদানি পণ্যচালানের কন্টেইনারের সীল ভেঙ্গে পণ্য চুরি করার প্রবণতা বেড়ে চলেছে। এতে সিএন্ডএফ এজেন্টের সাথে আমদানিকারকের ভুল বুঝাবুঝির সৃষ্টি হচ্ছে। এক্ষেত্রে পণ্যের কায়িক পরীক্ষণ অথবা ডেলিভারী গ্রহণ কালে প্রথমে কন্টেইনারের সীল নম্বর মিলিয়ে নিয়ে তারপর কন্টেইনারের সীল ভাঙ্গার জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ করা হলো।

যদি কন্টেইনারের সীল ভাঙ্গা থাকে বা সীল নম্বর না মিলে, তাহলে বিষয়টি সাথে সাথে টার্মিনাল ম্যানেজার এর দপ্তর এবং ইয়ার্ড ইন-চার্জকে লিখিতভাবে অবহিত করে অনুলিপি এসোসিয়েশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক